



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd



নং ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০২৭.২২/ ২৪৬২/৭

তারিখ: ২০/০২/২৪২৭
২৪/০৫/২০২২ খ্রি.


বিষয়: শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কর্মকর্তাগণের জন্য ৩৬তম কমিউনিকোটিভ ইংলিশ কোর্সে প্রশিক্ষার্থী মনোনয়ন


উপর্যুক্ত বিষয়ে তাঁকে জানানো যাচ্ছে যে, আগামী ২৫ জ্যৈষ্ঠ থেকে ১৪ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ/ ০৮-০৬-২০২২ থেকে ২৮-০৬-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত মাধ্যমিক উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তর, দপ্তর, সরকারি কলেজের কর্মকর্তাগণের জন্য ৩৬তম কমিউনিকোটিভ ইংলিশ কোর্স নায়েম-এ অনুষ্ঠিত হবে। এ কোর্সে নিম্নবর্ণিত ০২(দুই) ক্যাটাগরির কর্মকর্তা অংশগ্রহণ করবেন:

- (ক) সরকারি কলেজ থেকে ইংরেজি বিষয় ছাড়া অন্য যে কোন বিষয়ের প্রভাষক/সহকারী অধ্যাপক এবং
(খ) শিক্ষা মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তর/দপ্তর থেকে প্রথম শ্রেণির কর্মকর্তা।

উপর্যুক্ত ক্যাটাগরির ভিত্তিতে তাঁর আওতাধীন জেলাসমূহের সরকারি কলেজ থেকে ইংরেজি বিষয় ব্যতীত অন্য যে কোন বিষয়ের ০৪(চার) জন প্রভাষক/সহকারী অধ্যাপককে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য মনোনীত করতে অনুরোধ করা হলো। মনোনীত প্রশিক্ষণার্থীগণের নাম, পদবি, প্রতিষ্ঠানের নাম তাঁদের ব্যক্তিগত মোবাইল নম্বর এবং gmail আইডিসহ তালিকা ওয়ার্ড ফরমেটে আগামী ০৩-০৬-২০২২খ্রি. তারিখের মধ্যে কোর্স পরিচালক, জনাব স্বপন কুমার সাহা, প্রশিক্ষণ বিশেষজ্ঞ (মোবাইল: ০১৬৭৩৯৯৭৬৫৩, ইমেইল: tsswapansaha.naem@gmail.com)-এ প্রেরণ করতে হবে। প্রশিক্ষণার্থী মনোনয়নের জন্য নিম্নোক্ত শর্তসমূহ অবশ্যই প্রতিপালন করতে হবে:

১. মনোনীত প্রশিক্ষণার্থীগণকে অবশ্যই সরকারি কলেজের ইংরেজি বিষয় ব্যতীত অন্য বিষয়ের প্রভাষক অথবা সহকারী অধ্যাপক হতে হবে।
২. মনোনীত প্রশিক্ষণার্থীগণ প্রভাষক হলে অবশ্যই বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স সমাপ্ত করতে হবে।
৩. মনোনীত প্রশিক্ষণার্থীগণ আগামী ০৫-০৬-২০২২ খ্রি. তারিখ রাত্রি ১০ ঘটিকার পূর্বে নায়েম ওয়েব সাইটে www.naem.gov.bd-এর প্রশিক্ষণ সংক্রান্ত মেন্যুর অনলাইন রেজিস্ট্রেশন থেকে ফর্ম পূরণপূর্বক কোর্সে যোগদানের বিষয়টি নিশ্চিত করবেন।
৪. প্রশিক্ষণার্থীগণকে পাসপোর্ট সাইজের ২ কপি রঙিন ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, Education Institute Identification Number (EIIN) ও e-mail ID সঙ্গে আনতে হবে।
৫. আসন শূন্য থাকা সাপেক্ষে হোস্টেলে অবস্থান করার ব্যবস্থা আছে।
৬. প্রশিক্ষণার্থীগণকে ঋণা ও শিক্ষা সফরের খরচ সংকুলানের জন্য আনুমানিক জনপ্রতি ২০,০০০/- (বিশ হাজার টাকা) সঙ্গে আনতে হবে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অনলাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করতে হবে। সেজন্য, সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে।
৭. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১. ২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক।
৮. আমন্ত্রণপত্রটি নায়েম-এর ওয়েবসাইটে (www.naem.gov.bd) পাওয়া যাবে।
৯. এই কোর্স সংক্রান্ত কোনো বিষয় জানতে কোর্স পরিচালক জনাব স্বপন কুমার সাহা, প্রশিক্ষণ বিশেষজ্ঞ মোবাইল: ০১৬৭৩৯৯৭৬৫৩ এবং জনাব মো: জাহাঙ্গীর কবীর, সহকারী পরিচালক ও কোর্স সমন্বয়ক মোবাইল: ০১৬৭৩২১২৯১৪-এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।
১০. যিনি এই কোর্সে অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন না:
(ক) পূর্বে নায়েম পরিচালিত অনুরূপ প্রশিক্ষণ কোর্সে যিনি অংশগ্রহণ করেছেন, (খ) যাদের বয়স ৫৭ অতিক্রম করেছে ও (গ) যিনি ক্রীত দুই বছরের মধ্যে নায়েম পরিচালিত (FTC, ERM ব্যতীত) অন্য কোনো প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন।


(প্রফেসর ড. তাহসিনা আক্তার)
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম


প্রাপক: শরিফুল
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
অবস্থান: 

নং ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০২৬.২২/ ২৪৬২/৭/২৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা ভবন, ঢাকা (আমন্ত্রণপত্র ও তালিকাসহ);
- ২-৫. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ গবেষণা ও তথ্যায়ন/ প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
- ৬-৮. উপপরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ প্রশাসন ও অর্থ), নায়েম, ঢাকা;
৯. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা;
১০. প্রোগ্রামার, নায়েম (তাঁকে আমন্ত্রণ পত্র এবং তালিকা নায়েম ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো);
১১. তথ্যায়ন কর্মকর্তা, নায়েম, ঢাকা;
১২. সকল হোস্টেল সুপারিনটেনডেন্ট, নায়েম, ঢাকা;
১৩. অফিস নথি।

তারিখ: ২০/০২/২৪২৭
২৪/০৫/২০২২ খ্রি.


(স্বপন কুমার সাহা)
প্রশিক্ষণ বিশেষজ্ঞ

ও
কোর্স পরিচালক
৩৬তম কমিউনিকোটিভ ইংলিশ কোর্স
ফোন: ০১৬৭৩৯৯৭৬৫৩